# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date: 18-06-2026
# Time: 07:55-08:05 PM Hrs
# BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামিকাল প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনায় ২ হাজার ৪00 কোটি টাকার** উৎসাহ **বর্ধক আর্থিক সহায়তা প্রদান করবেন।**

**(২) প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার কৃষকদের কল্যাণে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে।**

**(৩) কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান নিট-ইউজি পরীক্ষা প্রক্রিয়ায় সততা ও স্বচ্ছতা বজায় রাখার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।**

**(৪) উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব রাজ্য সফরে এসেছেন।**

**(৫) ফুটবল বিশ্বকাপে গ্রুপ পর্বের দ্বিতীয় ম্যাচ আজ থেকে শুরু হচ্ছে |**

*************************************************************

## PM-VBRY :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লিতে এক বিশেষ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনার আওতায় **২** হাজার ৪00 কোটি টাকার উৎসাহ বর্ধক আর্থিক সহায়তা প্রদান করবেন। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ড. মনসুখ মান্ডভিয়া জানিয়েছেন, গত বছরের আগস্ট মাস থেকে PM-VBRY-র আওতায় ৬৩ লক্ষেরও বেশি কর্মীকে আনুষ্ঠানিক কর্মসংস্থানে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তাঁদের মধ্যে প্রায় ৩0 শতাংশই

মহিলা। তিনি জানান, যেসব তরুণ-তরুণী তাঁদের প্রথম চাকরি পাচ্ছেন, তাঁরা দুটি কিস্তিতে ১৫ হাজার টাকা পর্যন্ত ইনসেনটিভ পাবেন। তিনি উল্লেখ করেন, এই কর্মসূচির মাধ্যমে ১৫ লক্ষেরও বেশি সুবিধাভোগীর অ্যাকাউন্টে ‘ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার’ এর মাধ্যমে এই ইনসেনটিভ অর্থ পৌঁছে দেওয়া হবে।

*************************

## Khet Bachao Abhiyan :

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্য সরকার কৃষকদের কল্যাণের বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। তিনি বলেন, কৃষিকে লাভজনক পেশায় পরিণত করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তির ব্যবহার, উন্নত মানের বীজ সরবরাহ, সেচ ব্যবস্থার সম্প্রসারণ এবং প্রশিক্ষণ কর্মসূচির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। আজ ধলাই জেলার সালেমা টাউন হলে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং ধলাই জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রর উদ্যোগে আয়োজিত “ক্ষেত বাঁচাও অভিযান” ও “প্রাকৃতিক চাষ” বিষয়ক একদিনের প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষকদের উন্নয়ন ছাড়া দেশের সার্বিক অগ্রগতি সম্ভব নয়। কর্মশালায় বিধায়ক মনোজ কান্তি দেব উপস্থিত ছিলেন।

*************************

## NEET-UG :

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান আজ নতুনদিল্লিতে উচ্চ পর্যায়ের বৈঠকে আগামী ২১শে জুন অনুষ্ঠিতব্য নিট-ইউজি পরীক্ষা প্রক্রিয়ায় সততা ও স্বচ্ছতা বজায় রাখার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। বৈঠকে শিক্ষা মন্ত্রক, রাজ্য সরকার, এনটিএ এবং উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের বরিষ্ঠ আধিকারিকরা অংশ নেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান রাজ্যর নোডাল অফিসারদের নির্দেশ

দেন, পরীক্ষার্থীরা যেন মানসিক চাপমুক্ত পরিবেশে পুনরায় পরীক্ষায় অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় সব সুযোগ-সুবিধা পায়।

**************************

**Neet UG-DM** :

এদিকে পশ্চিম ত্রিপুরা জেলা শাসক  ডা: বিশাল কুমার আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন আগামী ২১ জুন রাজ্যের ১০ টি কেন্দ্রে নীট ইউ জি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরমধ্যে ধলাই জেলায় একটি এবং পশ্চিম ত্রিপুরা জেলায় থাকবে ৯টি কেন্দ্র। সুষ্ঠু ও স্বচ্ছভাবে পরীক্ষা পরিচালনার লক্ষ্যে রাজ্য সরকার সর্বোচ্চ স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে৷ তিনি বলেন, দুপুর ২টা থেকে বিকেল ৫টা ১৫ মিনিট পর্যন্ত চলবে পরীক্ষা।

**************************

**WBJEE :**

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২০২৬-এর ফলাফল আজ প্রকাশিত হয়েছে। এবছর পরীক্ষার্থী ছিল ৯৪ হাজার ৯০১ জন৷ এর মধ্যে সফল হয়েছে ৯২ হাজার ৭৫৩ জন প্রার্থী৷

**************************

## Felicitation :

কৈলাশহর পুর পরিষদের উদ্যোগে ঊনকোটি কলাক্ষেত্রে আজ এক অনুষ্ঠানে এবছরের  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১০৩  জন কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। কর্মসূচির উদ্বোধন করেন কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী

মহারাজ। উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, ভাইস-চেয়ারম্যন নীতিশ দে৷

*************************

**BJP :**

বিজেপি রাজ্য সভাপতি অভিষেক দেবরায় আজ খোয়াই জেলা সভাপতি পদে সমীর দাস ও সিপাহীজলা দক্ষিনাংশ জেলা সভাপতি পদে প্রসেনজিত ঘোষ কে নিযুক্ত করেছেন| বিজেপি রাজ্য সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা আজ এ খবর জানিয়েছেন|

*************************

**CPIM :**

সিপিআই(এম) রাজ্য কমিটির দুইদিনব্যাপী বৈঠক আজ থেকে আগরতলায় দশরথ দেব স্মৃতি ভবনে শুরু হয়েছে| বৈঠকে উপস্থিত রয়েছেন সিপিআই(এম)-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক এম এ বেবি, পশ্চিমবঙ্গ রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, পলিটব্যুরো সদস্য শ্রীদ্বীপ ভট্টাচার্য, রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী ও প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ। বৈঠকে আন্তর্জাতিক ও জাতীয় রাজনৈতিক পরিস্থিতি, দেশের সাম্প্রতিক ঘটনাবলি এবং রাজ্যের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা প্রাধান্য পায়| আসন্ন এডিসির ভিলেজ কমিটি নির্বাচনকে সামনে রেখে দলের নির্বাচনী কৌশল নিয়েও বৈঠকে আলোচনার কথা রয়েছে|

*************************

**Voice Over-Ashtalakshmi States :**

বর্তমান এনডিএ সরকারের শাসনে বিগত ১২ বছরে ভারতে বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। দেশের প্রতিটি প্রান্তের পাশাপাশি বিশেষ গুরুত্ব পেয়েছে উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলিও। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই আটটি রাজ্যকে চিহ্নিত করেছেন অষ্টলক্ষ্মী হিসেবে। একটি প্রতিবেদন।

#######VC#######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**GM NFR Chetan K. Srivastaba**

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আজ রাজ্য সফরে এসেছেন। এন এফ রেলওয়ের বানিজ্য বিভাগের মুখ্য পরিদর্শক বিজয় কুমার জানিয়েছেন, জেনারেল ম্যানেজার শ্রীবাস্তব আজ আগরতলা রেল ষ্টেশনে ডেমো সেড, ভারত-বাংলাদেশ সীমান্তের নিশ্চিন্তপুর আন্তর্জাতিক

রেল ষ্টেশন, সেকেরকোট রেল ষ্টেশনে নির্মিয়মান ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন এর ডিপো পরিদর্শন করেন। আগরতলা থেকে শীঘ্রই বৈদ্যুতিক যাত্রী ট্রেন অর্থাৎ মেমো ট্রেন চালানোর প্রস্তুতিও তিনি খতিয়ে দেখেন| জেনারেল ম্যানেজার শ্রী বাস্তবের সঙ্গে এন এফ রেলওয়ের লামডিং ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার সমীর লোহানী সহ অন্যান্য কর্মকর্তারাও রয়েছেন।

**************************

**Exhibition :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা আজ আগরতলার ভগৎ সিং যুব আবাসে বিষ্ণুপ্রিয়া মণিপুরি সংগঠনের তিন দিনব্যাপী প্রদর্শনী ও সাংস্কৃতিক কর্মসূচির সূচনা করেন| তিনি বলেন, মানসিক ও আধ্যাত্মিক শান্তি অর্জনে সংস্কৃতি সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং রাজ্যের ঐতিহ্যবাহী মিশ্র সংস্কৃতিকে বিশ্বের সামনে তুলে ধরার জন্য উদ্যোগ নেওয়া উচিত।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৫২ মিলিমিটার ও খোয়াই জেলায় প্রায় ৬0 মিলিমিটার|

**************************

**FIFA World Cup :**

২০২৬ ফিফা বিশ্বকাপে সর্বশেষ ম্যাচে কলম্বিয়ার কাছে ৩-১ গোলে পরাজিত হয়েছে উজবেকিস্তান। এর মধ্য দিয়ে টুর্নামেন্টে অংশ নেওয়া সব দলই তাদের গ্রুপ পর্বের প্রথম ম্যাচ সম্পন্ন করেছে। এখন শুরু হচ্ছে দ্বিতীয় রাউন্ডের লড়াই, যেখানে প্রতিটি পয়েন্টই হয়ে উঠবে নকআউট পর্বে ওঠার দৌড়ে গুরুত্বপূর্ণ।

ভারতীয় সময় অনুযায়ী আজ রাত সাড়ে নটায় চেকিয়া মুখোমুখি হবে দক্ষিণ আফ্রিকার। এরপর আগামীকাল রাত সাড়ে বারোটায় সুইজারল্যান্ড খেলবে বসনিয়া ও হার্জেগোভিনার বিরুদ্ধে। আগামীকাল ভোর সাড়ে তিনটেয় কানাডার প্রতিপক্ষ কাতার। আর আগামীকাল সকাল সাড়ে ছটায় মেক্সিকো মুখোমুখি হবে দক্ষিণ কোরিয়ার।

**************************

**************************